47

দৈনিক সংবাদ

তারিখ 18 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

# প্রধানমন্ত্রী হয়তো জানেনই না—

(নিজস্ব বার্তা পরিবেশক)

যশোর, ১৭ই নভেম্বর। — প্রধানমন্ত্রী হয়তো জানেনই না যে তার ঝিকরগাছা আগমন উপলক্ষে থানার ৩৮টি মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা স্থগিত করা হয়। এ কারণে প্রায় ১২ হাজার ছাত্রছাত্রী তাদের নির্ধারিত পরীক্ষা দিতে পারেনি।

তার আগমন উপলক্ষে থানা প্রশাসন

জানেন না ঃ পৃঃ ১১ কঃ ৩

## জানেন নাঃ প্রধানমন্ত্রী

( ১ম পৃষ্ঠার পর )

সকল মাধ্যমিক বিদ্যালয়ের পরীক্ষা স্থগিত করে ছাত্রছাত্রীসহ শিক্ষক-শিক্ষিকাদের জনসভায় অংশগ্রহণের নির্দেশ দেয়া হয়। বিদ্যালয় কর্তৃপক্ষ স্থগিত পরীক্ষা ৬ই ডিসেম্বর নেবার সিদ্ধান্ত নিয়েছেন। অথচ এবার মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক পরীক্ষা চলতি মাসের মধ্যে শেষ করার ব্যাপারে সরকারি নির্দেশ রয়েছে।

থানা প্রশাসনের নির্দেশে ১০৭টি প্রাথমিক বিদ্যালয়েও কোন ক্লাস হয়নি। এসব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদেরকে জনসভায় অংশগ্রহণের নির্দেশ দেয়া হয়।